



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিবিল বা/এ, ঢাকা-১০০০।

পরিধারণ বিভাগ

Phone: 022233-80505, E-mail: dgmonitoring@krishibank.org.bd



বিকেবি/প্রকা/পরিধারণ/প্রশা-৪৮/২০২১-২০২২/২৭৬

তারিখ: ২৬.১২.২০২১

সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্টের সঠিকতা যাচাই প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ১৬.০৯.২০২১ তারিখের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন পরিপত্র নং ০১/২০২১-২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পরিপত্রের অনুচ্ছেদ ৩ এ বর্ণিত নির্দেশনা, “আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ হতে শাখা সমূহের ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্ট সংগ্রহপূর্বক এর সঠিকতা যাচাই করে পরিধারণ বিভাগে যাচাই প্রতিবেদন প্রেরণ করবে।” এক্ষেত্রে শাখা নিরীক্ষাকালে অথবা অন্যান্য রাষ্ট্রীয় কার্যক্রম সম্পাদনে শাখায় অবস্থানকালে উক্ত শাখার ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্টের সঠিকতা যাচাই করা যেতে পারে।

০৩। উক্ত নির্দেশনা অনুসরণ করে ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্টের সঠিকতা যাচাই প্রতিবেদন নিয়মিতভাবে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনামতে

(মোহাম্মদ আহাদ খান)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়।
- ০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা এহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ০৫। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়।
- ০৬। নথি।



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়  
পরিধারণ বিভাগ



অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন পরিপত্র নং ০১/২০২১-২০২২

তারিখ: ১৬.০৯.২০২১

**বিষয় :** ICC Core Risk এর উপর বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ এবং  
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এর আলোকে শাখা/কার্যালয় হতে প্রেরিত  
Off-Site Supervision সংক্রান্ত প্রতিবেদন সমূহ পুনঃবিন্যাস প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠাকরণের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি & সার্কুলার নং-৩, তারিখ: ০৮ মার্চ ২০১৬ মূলে জারীকৃত Guidelines On Internal Control & Compliance in Banks এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ প্রণয়ন করা হয়। এ গাইডলাইন অনুসারে পরিধারণ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতিটি শাখা/কার্যালয়ের বুঁকি নির্ধারণের জন্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক Off-Site supervision এর প্রক্রিয়া হিসেবে নিম্নর্ণিত প্রতিবেদন সমূহ পর্যালোচনা করে থাকে:

- ১) মাসিক শাখা ব্যবস্থাপক কর্তৃক নিজ শাখা পরিদর্শন প্রতিবেদন
- ২) ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট
- ৩) ঘান্যাসিক Self Assessment of Anti Fraud Internal Controls.

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্যন্তের ২২.১০.২০০৬ তারিখে অনুষ্ঠিত ৪২২তম সভায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিদর্শন সংক্রান্ত নীতিমালার আলোকে জারীকৃত তৎকালীন সংগঠন ও পদ্ধতি বিভাগের ১৪.০২.২০০৭ তারিখের পরিপত্র নং ০১/২০০৭ তে উপরোক্ত ০৩টি প্রতিবেদন ছাড়াও নিম্নর্ণিত ০২টি প্রতিবেদনসমূহ সংগ্রহ/পর্যালোচনার নির্দেশনা থাকলেও তা পুরোপুরিভাবে বাস্তবায়ন হয়নি। এছাড়া বাংলাদেশ ব্যাংক এর পূর্ববর্তী বাংসরিক পরিদর্শন প্রতিবেদনসহ সর্বশেষ ৩১.১২.২০২০ ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনেও এ সংক্রান্ত প্রতিবেদন ০২টি পরিপালন করার জন্য বলা হয়েছে:

- ৪) DCFCL(Departmental Control Function Check List)
- ৫) LDCL (Loan Documentation Check List)

০৩। বিগত ১৪.০৭.২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্যবস্থাপনা সমষ্টিয় কমিটির ৪৩২তম সভায় পরিধারণ বিভাগ কর্তৃক শাখা/কার্যালয় হতে প্রেরিতব্য Off-Site Supervision সংক্রান্ত প্রতিবেদন সমূহ পুনঃবিন্যাস প্রসঙ্গে একটি কার্যপত্র উপস্থাপন করা হয়। ব্যবস্থাপনা সমষ্টিয় কমিটি সভার আলোচনা/সিদ্ধান্তের পর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন এর ৪৯তম মাসিক সভায় LDCL এর পরিমার্জিত ছক পর্যালোচনাপূর্বক অনুমোদিত হয়। DCFCL, LDCL এবং ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট প্রতিবেদনসমূহের বিষয়ে এখন থেকে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করতে হবেঃ

- বাংলাদেশ কৃষি ব্যাংক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এর পরিশিষ্ট ২, ৩, ৪ ও ৫ অনুসারে দৈনিক, সপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে DCFCL প্রতিবেদন শাখাসমূহ পূরণ করে সংরক্ষণ করবে এবং বাংলাদেশ কৃষি ব্যাংক এর কার্যপদ্ধতি অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে পরিশিষ্ট ৫; DCFCL প্রতিবেদন মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় সমূহের মাধ্যমে পরিধারণ বিভাগে প্রেরণ করবে;

(চলমান পাতা/০২)

(পাতা/০২)

- বাংলাদেশ কৃষি ব্যাংক ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ ২০.০৫ অনুসারে ইস্যুকৃত ১০ লক্ষ ও তদুধর্ম টাকার ঘণ্টের দলিলায়নের সঠিকতার প্রত্যয়নপত্রের ভিত্তিতে বিকেবি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এর পরিশিষ্ট ৭ (পরিমার্জিত) অনুসারে প্রতি ত্রৈমাসে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক প্রস্তুতপূর্বক LDCL প্রতিবেদন পরিধারণ বিভাগে প্রেরণ করবে;
- আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ হতে শাখা সমূহের ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট সংগ্রহপূর্বক এর সঠিকতা যাচাই করে পরিধারণ বিভাগে যাচাই প্রতিবেদন প্রেরণ করবে।


০৪। বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতিটি শাখা/কার্যালয়ের ঝুঁকি নির্ধারণের জন্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক Off-Site supervision এর প্রক্রিয়া হিসেবে নিম্নোক্ত ০৫টি প্রতিবেদনঃ

- (১) মাসিক শাখা ব্যবস্থাপক কর্তৃক নিজ শাখা পরিদর্শন প্রতিবেদন; মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের মাধ্যমে
- (২) ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট; সঠিকতা যাচাই প্রতিবেদন আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহের মাধ্যমে
- (৩) ষাণ্যাসিক Self Assessment of Anti Fraud Internal Controls; মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের মাধ্যমে
- (৪) ত্রৈমাসিক DCFCL প্রতিবেদন; মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের মাধ্যমে এবং
- (৫) ত্রৈমাসিক LDCL প্রতিবেদন; মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক প্রস্তুতপূর্বক নিয়মিতভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে বিকেবি, প্রকা, পরিধারণ বিভাগে প্রেরণে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস,

সংযুক্তি: সকল প্রতিবেদনের ছক্ক।


  
(মো: দিনারুল ইসলাম মজুমদার)  
মহাব্যবস্থাপক  
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ

তারিখঃ ১৬.০৯.২০২১

প্রকা/পরিধারণ/প্রশা-৬০/২০২১-২০২২/১০৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা;
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়;
০৪. সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা; (ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলোঃ)
০৫. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
০৬. উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৭. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়;
০৮. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়;
০৯. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক;
১০. নথি।

  
(মোহাম্মদ আহাদ খান)

উপমহাব্যবস্থাপক

ফোন: ০২২২৩৩-৮০৫০৫